

গ্রন্থাগারের সদস্য হওয়ার নিয়মাবলী ও বই ধার দেয়া সংক্রান্ত নীতিমালা

জেলা সরকারি গণগ্রন্থাগার বগুড়া পাঠক সাধারণের সুবিধার্থে নির্ধারিত সময়ের জন্য বই ধার দিয়ে থাকে। এজন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কেবলমাত্র নিবন্ধিত পাঠকগণ (গ্রন্থাগারের সদস্য) গ্রন্থাগার থেকে বই ধার নিতে পারবেন:

- বই ধার নেয়ার জন্য আগ্রহী পাঠককে সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ১০.০০ টাকা ফি প্রদান করে গ্রন্থাগার থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।
- সদস্যের ধরণ তিন প্রকারঃ
 - (ক) শিশুসদস্য : অনূর্ধ্ব ১৬ বছরের ছেলে মেয়ে।
 - (খ) ছাত্র/ছাত্রী সদস্য : যাদের বয়স ১৬ বছরের উর্ধ্বে এবং কোন শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত।
 - (গ) সাধারণ সদস্য : ছাত্র/ছাত্রী ব্যতীত ১৬ বছরের বেশি বয়সের সর্বসাধারণ।
- বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ভোটার আইডিকার্ডের ফটোকপি/ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- সাধারণ সদস্যকে স্ব স্ব পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার, চাকুরিজীবী হলে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশ সাপেক্ষে সদস্য করা হবে।
- ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক সুপারিশ আবশ্যিক।
- আবেদনপত্রের সাথে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ১ কপি, স্ট্যাম্প সাইজের ২ কপি ছবি ও জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।
- সাধারণ সদস্যের ক্ষেত্রে ৫০০/= টাকা, ছাত্র/ছাত্রী সদস্যের ক্ষেত্রে ৩০০/= টাকা এবং শিশু সদস্যের ক্ষেত্রে ২০০/= টাকা জামানত (ফেরতযোগ্য) হিসেবে জমা দিতে হবে।

- নিবন্ধিত সদস্যের সদস্যপদের মেয়াদকাল এক বছর। তবে আগ্রহী সদস্য মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ২৫.০০ টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সদস্য কার্ড নবায়ন করতে পারবেন।
- প্রত্যেক সদস্যকে এককালীন (সর্বোচ্চ পনের দিনের জন্য) দুইটি বইয়ের বেশী ধার দেয়া হবেনা। অন্যকোন পাঠকের চাহিদা না থাকলে একই পাঠক একই বই ধারাবাহিকভাবে সর্বোচ্চ দুইবার ধার নিতে পারবে।
- কোন সদস্য ধার নেয়া কোন বই হারিয়ে ফেললে বা নষ্ট করে ফেললে বইয়ের মূল্যের দ্বিগুন টাকা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।
- নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যের নিকট থেকে প্রথম সপ্তাহে অতিরিক্ত প্রতিদিনের জন্য বইপ্রতি ৫.০০ টাকা এবং দ্বিতীয় সপ্তাহ থেকে ১০.০০ টাকা জরিমানা আদায় করা হবে। যদি ৩০ দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তার জামানত বাজেয়াপ্ত করা হবে। এমনকি তার নামে আর কোন বই ইস্যু করা হবেনা এবং তার সদস্যপদও বাতিল করা হবে।
- কার্ড হারিয়ে গেলে সাথে সাথে কর্তৃপক্ষকে জানাতে হবে এবং আবেদন সাপেক্ষে ২৫.০০ টাকার বিনিময়ে পুনরায় কার্ড গ্রহণ করা যাবে।
- রেফারেন্স বই, ছুপ্তাপ্য বই, বিদেশী প্রকাশনা, সাময়িকী ও পত্র-পত্রিকা ধার দেয়া হবেনা।
- কোন সদস্য বই ধার সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তার সদস্যপদ বাতিল করা সহ তার জামানত বাজেয়াপ্ত করা হবে।
- যদি কোন সদস্যের বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর ইত্যাদি পরিবর্তন হয় তবে অবশ্যই কর্তৃপক্ষকে জানাতে হবে।
- এই নীতিমালায় বর্ণিত যে কোন শর্ত কর্তৃপক্ষ প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করতে পারবেন।
- বই ধার সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।